# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৭২২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৭১৩]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (كتاب الأمور المنهي عنها)

পরিচ্ছেদঃ ৩১৫ : ইচ্ছাকৃত মিথ্যা কসম খাওয়া কঠোর নিষিদ্ধ

(315) بَابُ تَغْلِيْظِ الْيَمِيْنِ الْكَاذِبَةِ عَمَدًا

আরবী

وَعَنْ أَبي أُمَامَةَ إِيَاسِ بنِ ثَعلَبَةَ الحَارِثِي رَضِيَ اللهُ عَنهُ : أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، قَالَ: «مَنِ اقْتَطَعَ حَقَّ امْرِىءٍ مُسْلِمٍ بِيَمِينِهِ، فَقَدْ أَوْجَبَ اللهُ لَهُ النَّارَ . وَحَرَّمَ عَلَيْهِ الجَنَّةَ» فَقَالَ لَهُ رَجُلٌ : وَإِنْ كَانَ شَيْئاً يَسِيراً يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم ؟ قَالَ: «وَإِنْ كَانَ قَضِيباً مِنْ أَرَاكٍ». رواه مسلم

বাংলা

২/১৭২২। আবূ উমামাহ ইয়াস ইবন সা’লাবাহ হারেসী রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ’’যে ব্যক্তি কোন মুসলিম ব্যক্তির অধিকার নিজ কসম দ্বারা আত্মসাৎ করবে, আল্লাহ তার জন্য জাহান্নামের আগুন ওয়াজেব করে দেবেন এবং তার উপর জান্নাত হারাম করে দেবেন।’’ এ কথা শুনে তাঁকে এক ব্যক্তি বলল, ’হে আল্লাহর রাসূল! যদি তা সামান্য জিনিস হয় তবুও?’ তিনি বললেন, ’’যদিও পিল্লু গাছের একটি ডালও হয়।’’ (মুসলিম) [1]

## English

(315) Chapter: Illegality of Swearing Falsely

Abu Umamah Iyas bin Tha'labah Al-Harithi (May Allah be pleased with him) said:
The Messenger of Allah (ﷺ) said, "He who misappropriates the right of a Muslim by taking a false oath, Allah will condemn him to the fire of Hell and will forbid Jannah for him." A person asked: "O Messenger of Allah, even if it is something insignificant?" He replied, "Yes, even if it is the twig of the Arak tree."

[Muslim].

## ফুটনোট

[1] মুসলিম ১৩৭, নাসায়ী ৫৪১৯, ইবনু মাজাহ ২৩২৪, আহমাদ ২১৩৬, মুওয়াত্তা মালিক ১৪৩৫, দারেমী ২৬০৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ ইয়াস ইবনু সা'লাবাহ্ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=31563

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন